# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৬৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৬৪]

পর্ব-১২: তাত্বীক্ব (রুকূ'তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১০০: প্রথম তাশাহহুদ কিভাবে করবে?

كَيْفَ التَّشَهُّدُ الأَوَّلُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قال: حَدَّثَنَا مُحَمَّدٌ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، قال: سَمِعْتُ أَبَا إِسْحَاقَ يُحَدِّثُ، عَنْ أَبِي الْأَحْوَصِ، عَنْ عَبْدِ اللَّهِ، قال: كُنَّا لَا نَدْرِي مَا نَقُولُ فِي كُلِّ رَكْعَتَيْنِ غَيْرَ أَنْ نُسَبِّحَ وَنُكَبِّرَ وَنَحْمَدَ رَبَّنَا وَإِنَّ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَّمَ فَوَاتِحَ الْخَيْرِ وَخَوَاتِمَهُ فَقَالَ: إِذَا قَعَدْتُمْ فِي كُلِّ رَكْعَتَيْنِ فَقُولُوا التَّحِيَّاتُ لِلَّهِ وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ السَّلَامُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ السَّلَامُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ وَلْيَتَخَيَّرْ أَحَدُكُمْ مِنَ الدُّعَاءِ أَعْجَبَهُ إِلَيْهِ فَلْيَدْعُ اللَّهَ عَزَّ وَجَلَّ .

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ۱۸۲ (۹۶۹)، سنن الترمذی/النكاح ۱۷ (۱۱۰۵)، سنن ابن ماجہ/الإقامة ۲۴ (۸۹۹)، مسند احمد ۱/۴۰۸، ۴۱۳، ۴۱۸، ۴۲۳، ۴۳۷، (تحفة الأشراف: ۹۵۰۵) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1164 ـ صحيح

বাংলা

১১৬৩. মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহ.) .... 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা জানতাম না, আমরা প্রত্যেক দু’ রাক’আতে কি বলব এ ব্যতীত যে, আমরা তাসবীহ পড়তাম, তাকবীর বলতাম, আর আমাদের প্রতিপালকের প্রশংসা করতাম এবং বলতাম যে, মুহাম্মাদ (সা.)-কে এমন কথা শিক্ষা দেয়া হয়েছে যার শুরু ও শেষ কল্যাণময়। তখন তিনি বললেন, দু’ রাকআতের পরে তোমরা বসে বলবে -

"আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস সালাওয়া-তু ওয়াত তইয়িবা-তু, আসসালা-মু আলায়কা আইয়ুহান্ নাবিয়ু, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকাতুহ। আসসালা-মু আলায়না- ওয়া আলা ইবাদিল্লা-হিস্ সলিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ" (সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক 'ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর আল্লাহর সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা'বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তার বান্দা ও রসূল।)।
আর যার যে দু'আ ভালো লাগে সে সেই দু'আ (পড়ার জন্যে) নির্বাচন করবে, এরপর আল্লাহ তা'আলার। নিকট দু'আ করবে।

## English

100. What Is Said In The First Tashahhud

It was narrated that 'Abdullah said: We used not to know what we should say in each rak'ah apart from glorifying, magnifying and praising our Lord. But Muhammad (ﷺ) taught us everything about what is good. He said: When you sit following every two rak'ahs, then say: At-tahiyyatu lillahi was-salawatu wat-tayyibat, as-salamu 'alaika ayyuhan-Nabiyyu wa rahmatAllahi wa baraktuhu. As-salamu 'alaina wa 'ala 'ibad illahis-salihin, ashahdu an la illaha ill-Allah wa ashhadu anna Muhammadan 'abduhu wa rasuluhu (Allah compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you, O Prophet, and the mercy of Allah (SWT) and his blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah (SWT). I bear witness that none has the right to be worshipped except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger), then choose any supplication that you like and call upon Allah the Mighty and Sublime with it.'

## ফুটনোট

সহীহ: আবু দাউদ ৯৬৯, তিরমিযী ১১০৫, ইবনু মাজাহ ১৭৯২, ইরওয়াউল গালীল ৩৩৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87537

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন